ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়পরিকল্পনা।
২) পিপিআর-বিধিমালা ২০২৫ এর ১০১ (১) এর ধারা।
৩) বিদ্যমান পয়ঃ লাইনের সিস্টেম ম্যাপ।
৪) মাস্ ক্লিনিং কাজের অনুমোদিত দর।
৫) ক্যাকুলেশন শীট।
৬) প্রস্তাবিত কজের প্রাক্কলন।

বিষয়:- মডস জোন-৬ এর আওতাধীন পুরাতন এলিফ্যান্ট রোড,পুরাতন রমান থানা, সার্কিট হাউজ রোড, নিউ বেইলি রোড, আদ্বদীন গলি ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান ২০০ মিমি হতে ৪৫০ মিমি ব্যাসের পয়ঃলাইন ও পয়ঃম্যানহোল মাস ক্লিনিং কাজ ।

অনুচ্ছেদ নং-১: মডস জোন-৬ ঢাকা ওয়াসার একটি অন্যতম বৃহত্তম জোন। অত্র জোনের আওতাধীন এলাকায় বাংলাদেশ সচিবালয়, মাননীয় প্রধান বিচারপতি, রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টার বাসবভন ও কার্যালয়, রাষ্ট্রীয় অতিথি ভবন, সচিবসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে আসীন বহু ব্যক্তিবর্গের বসবাস। এম.আই.এস রিপোর্ট (জুন/২০২১) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৪১ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৪১০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আদায় হয়। সুষ্ঠ পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং যান ও জন চলাচলে বিড়ম্বনার সম্মুখীন হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। সুষ্ঠভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। পূর্ববর্তী বছরের ন্যায় এবছরও দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে অত্র মডস জোন এর আওতাধীন পুরাতন এলিফ্যান্ট রোড,পুরাতন রমান থানা, সার্কিট হাউজ রোড, নিউ বেইলি রোড, আদ্বদীন গলি ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান ২০০ মিমি হতে ৪৫০ মিমি ব্যাসের পয়ঃলাইন ও পয়ঃম্যানহোল মাস ক্লিনিং কাজ করা প্রয়োজন। বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইন ও পয়ঃ ম্যানহোল মাস ক্লিনিং কাজের জন্য ঢাকা ওয়াসা'র মাস ক্লিনিং কাজের জন্য দর বিশ্লেষণ কমিটি কতৃক প্রস্তাবিত ও যথাযথ কতৃপক্ষ কতৃক অনুমোদিত দর মোতাবেক প্রাক্কলণ তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **টা: ৩,৮৮,৮০০/- (তিন লক্ষ আটাশি হাজার আট শত)** টাকা মাত্র। চলতি ২০২৫-২৬ অর্থ বছরে অত্র মডস জোনের উল্লেখ্য এলাকায় মাস্ ক্লিনিং কাজ করার পরিকল্পনা করা হয়েছে।

অনুচ্ছেদ নং-২ এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠ পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মডস জোন-৬ এর আওতাধীন পুরাতন এলিফ্যান্ট রোড,পুরাতন রমান থানা, সার্কিট হাউজ রোড, নিউ বেইলি রোড, আদ্বদীন গলি ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান ২০০ মিমি হতে ৪৫০ মিমি ব্যাসের পয়ঃলাইন ও পয়ঃম্যানহোল মাস ক্লিনিং কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য **সর্বমোট টা: ৩,৮৮,৮০০/- (তিন লক্ষ আটাশি হাজার আট শত)** টাকা মাত্র এর প্রাক্কলণটির অনুমোদন।

খ) পাবলিক প্রকিউরমেন্ট (পিপিআর) বিধিমালা ২০২৫ এর ১০১ (১) এর ধারা (Force account) এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষন খাত ক্রমিক নং- বি.১৪.১১৫.২৬ (-কোড নং ০১-০৪-০০২) হতে নির্বাহ করার অনুমোদন।

আলোচ্য কাজের প্রস্তাব সমূহ **ব্যবস্থাপনা পরিচালক** মহোদয় অনুমোদনের আওতাধীন, যা সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হ'ল।

21.05.26
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা।

AE 21/05/26
Mohammad Ikhtiar Masud
Assistant Engineer
MODS Zone-6, Dhaka WASA

EE 21.05.26
মোঃ আফজাল হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৬ ঢাকা ওয়াসা।

SE, M/ODS-1

২১/০৫/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE
21/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD (O & M)

21/05/2026
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

MD
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

XEN (Z-6)

DMD

03/6/26
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।